# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৩৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ পরিবারের লোকদের সাথে উত্তম আচরণের ক্ষেত্রে মুস্তাহাব হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণ করা কারণ তিনি তাঁর পরিবারের কাছে সবচেয়ে উত্তম ব্যক্তি ছিলেন

ذِكْرُ اسْتِحْبَابِ الِاقْتِدَاءِ بِالْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلْمَرْءِ فِي الْإِحْسَانِ إِلَى عِيَالِهِ إِذْ كان خيرُهم خيرَهم لهنَّ

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمْصَ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَبْدِ الْمَلِكِ وَيَحْيَى بْنُ عُثْمَانَ قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنِ الثَّوْرِيِّ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (خيرُكم خيرَكم لِأَهْلِهِ وَأَنَا خيرُكم لِأَهْلِي وَإِذَا مَاتَ صاحبكم فدعوه.)
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (فَدَعُوهُ) يَعْنِي لَا تذكروه إلا بخير.
الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 436 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪৩৬. ‘আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমাদের মধ্যে ঐ ব্যক্তি উত্তম যে ব্যক্তি তার পরিবারের কাছে উত্তম। আমি আমার পরিবারের কাছে উত্তম ব্যক্তি। আর তোমাদের সঙ্গী যখন মারা যায়, তখন তাকে (আপন অবস্থায়) ছেড়ে দাও। (অর্থাৎ তার সমালোচনায় লিপ্ত হয়ো না)[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “তাকে (আপন অবস্থায়) ছেড়ে দাও” এর অর্থ হলো তার ভালো ছাড়া মন্দ সমালোচনা করবে না।”

## ফুটনোট

[1] হাদীসটি কোন ছাপায় এই জায়গায় নেই। তবে ‘আত তা‘লীকাতুল হিসান ‘আলা সহীহ ইবনু হিব্বান’ এ হাদীসটি নিয়ে এসেছেন। হাদীসটি লেখক ৪১৬৫ নং হাদীসে নিয়ে এসেছেন।

আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৮৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88900

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন